

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.০১২.০০২.২০১৭-১৬২০


তারিখঃ ১ ফাল্গুন ১৪২৪
১৩ ফেব্রুয়ারী ২০১৮

বিষয়ঃ ০৮-১২ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠেয় ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণকারীদের জন্য পানি ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে আর্থিক বরাদ্দসহ জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

পত্র সূত্রঃ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস এর পত্র নং-বাঃ স্কাঃ (৬ষ্ঠ জাতীয় কমডেকা)/১৯৪০/২০১৮, তারিখঃ ০৩/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে প্রতি চার বছর পর পর জাতীয় কমডেকা (COMDECA- Community Development Camp) আয়োজন করা হয়। সর্বশেষ ২০১৩ সালে পঞ্চগড় জেলার দেবীগঞ্জে ৫ম জাতীয় কমডেকা অনুষ্ঠিত হয়। এ বছর ০৮-১২ মার্চ সময়ে চাঁদপুর জেলার হাইমচর উপজেলার “চরভাঙ্গা” এলাকায় ৬ষ্ঠ জাতীয় কমডেকা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত কমডেকায় প্রায় ৭,০০০(সাত হাজার) দেশী-বিদেশী স্কাউট, রোভার স্কাউট, কর্মকর্তা, স্বেচ্ছাসেবক ও বিভিন্ন সংস্থার প্রতিনিধি অংশগ্রহণ করবেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্ণিত ৬ষ্ঠ জাতীয় কমডেকার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর আনুষ্ঠানিক উদ্বোধন করবে মর্মে আশা করা হচ্ছে।

০২। এমতাবস্থায়, ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণকারীদের ক্যাম্পে অস্থায়ীভাবে নিরাপদ পানি ও স্যানিটেশন সেবা প্রদানের বিষয়টি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুরের মাধ্যমে নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।